




গণভোট নিয়ে বিরোধ, দ্রুত সিদ্ধান্ত আসছে: আইন উপদেষ্টা



সংগৃহীত ছবি

আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে গণভোট ইস্যুতে তীব্র মতবিরোধ দেখা দিয়েছে। প্রধান উপদেষ্টা বিষয়টি দেখবেন এবং খুব শিগগিরই চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে।

বৃহস্পতিবার (৩০ অক্টোবর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমীতে এক ব্রিফিংয়ে তিনি বলেন, ২৭০ দিনের আলোচনার পরও দলগুলোর মধ্যে এই অনৈক্য হতাশাজনক। পূর্বে বিষয়বস্তু নিয়ে মতপার্থক্য ছিল, এখন গণভোটকে কেন্দ্র করে দ্বন্দ্ব তৈরি হয়েছে। পরিস্থিতি উত্তেজিত হলেও উপদেষ্টা পরিষদে ইতিমধ্যে আলোচনা হয়েছে।

ড. আসিফ নজরুল আরও বলেন, কোনো রাজনৈতিক দল একপাক্ষিকভাবে সরকারের ওপর চাপ প্রয়োগ করলে জুলাইয়ের চেতনা ক্ষুণ্ণ হবে। ভোটের পরিবেশ সুষ্ঠু রাখতে সরকারের পাশাপাশি দলগুলোরও দায়িত্ব রয়েছে। ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন অনুষ্ঠিত হবে, তবে সুষ্ঠু ভোটের জন্য সকলের সহযোগিতা প্রয়োজন।

মানবাধিকার কমিশন নিয়ে তিনি বলেন, নতুন মানবাধিকার অধ্যাদেশ কার্যকর হয়েছে। এর ফলে কমিশন কর্মকর্তারা এখন তাদের আইনগত ক্ষমতা প্রয়োগ করতে পারবে। আন্তর্জাতিক আইনের আলোকে কমিশন যথাযথ ভূমিকা পালন করবে এবং আলাদা গুম কমিশন গঠনের প্রয়োজন নেই।

প্রেস সচিব শফিকুল আলম জানান, জুলাই-আগস্টে আহতদের বিদেশে চিকিৎসা ব্যয়ের বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বর্তমানে ৬৫ জন আহত চিকিৎসা নিচ্ছেন।